গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৪৩/২০১৭-১৮

ঢাকা, মঙ্গলবার ২৩ জানুয়ারি ২০১৮, ১০ মাঘ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বেসরকারি বিশ্ববিদ্যালয়ে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে হবে : রাষ্ট্রপতি

২। মন্ত্রিসভার বৈঠক : পেন্ডিং সিদ্ধান্তসমূহ দ্রুত নিষ্পত্তির নির্দেশ প্রধানমন্ত্রীর

৩। এলডিসি থেকে বেরিয়ে আসার তিন সূচকে এগিয়ে বাংলাদেশ

৪। বেড়েছে মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার

৫। সংসদে বীজ বিল পাশ

৬। রাজধানীতে মহিলা ও প্রতিবন্ধীবান্ধব দেড় শতাধিক নতুন পাবলিক টয়লেট নির্মাণ করা হবে সংসদে স্থানীয় সরকার মন্ত্রী

৭। বিগত ৮ বছরে পৌনে ৬ লাখ লোকের আত্মকর্মসংস্থান হয়েছে : সংসদে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী

৮। খসড়া তালিকায় ভোটার সংখ্যা ১০ কোটি ৪০ লাখ : সংসদে আইনমন্ত্রী

৯। ১৯ ফেব্রুয়ারি রাষ্ট্রপতি পদে নির্বাচন

১০। খেলাপি ঋণই ব্যাংকিং খাতের বড় চ্যালেঞ্জ : অর্থমন্ত্রী

১১। বাংলাদেশ ও ইন্দোনেশিয়ার মধ্যে পিটিএ চুক্তি এ মাসেই : বাণিজ্যমন্ত্রী

১২। শিল্পখাতে করহার কমানোর চিন্তা করছে সরকার : পরিকল্পনামন্ত্রী

১৩। জারের পানিতে মারাত্মক ক্ষতিকর জীবাণু : বিএসটিআই'র অভিযানে সহস্রাাধিক জার ধ্বংস

চলমান পাতা-২

১। **বেসরকারি বিশ্ববিদ্যালয়ে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে হবে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বাংলাদেশে উচ্চশিক্ষার হার বাড়ানোর সঙ্গে সঙ্গে মানসম্মত উচ্চশিক্ষা নিশ্চিতে বাস্তব পদক্ষেপ গ্রহণের জন্য বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (২২ জানুয়ারি সোমবার) বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে শেখ কবির হোসেনের নেতৃত্বে বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির (এপিইউবি) নেতৃবৃন্দ সাক্ষাৎ করতে গেলে তিনি বলেন, উচ্চশিক্ষার ক্ষেত্রে মান নিশ্চিত করার কোনো বিকল্প নেই। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪)।

২। **মন্ত্রিসভার বৈঠক : পেন্ডিং সিদ্ধান্তসমূহ দ্রুত নিষ্পত্তির নির্দেশ প্রধানমন্ত্রীর**

শূন্যপদ পূরণ, ই-টেন্ডারিং ও ই-ফাইলিং চালুসহ বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারের বিভাগে 'পেন্ডিং' (ঝুলে থাকা) থাকা সব সিদ্ধান্ত দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তির নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, আগামী সংসদ নির্বাচনের আগে পেন্ডিং থাকা সব সিদ্ধান্ত ও উন্নয়নমূলক গুরুত্বপূর্ণ কাজগুলোকে অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করতে হবে। গতকাল (২২ জানুয়ারি সোমবার) প্রধানমন্ত্রীর সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ নির্দেশনা দেন।

সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে শীতলপাটি ইউনেসকোর স্বীকৃতি লাভ করায় মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ অন্য সদস্যদের শীতলপাটি উপহার দেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম ও স্বাস্থ্যপ্রতিমন্ত্রী জাহিদ মালেক।

এছাড়া বৈঠকের শুরুতে ২৬ জানুয়ারি আন্তর্জাতিক কাস্টমস দিবস উদ্‌যাপন উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০ টাকা মূল্যমানের একটি স্মারক ডাকটিকিট, ১০ টাকা মূল্যমানের একটি উদ্বোধনী খাম এবং ৫ টাকা মূল্যমানের একটি ডাটা কার্ড ও একটি বিশেষ সিলমোহর অবমুক্ত করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

৩। **এলডিসি থেকে বেরিয়ে আসার তিন সূচকে এগিয়ে বাংলাদেশ**

এলডিসি (স্বল্পোন্নত দেশের তালিকা) থেকে বেরিয়ে আসার জন্য প্রয়োজনীয় তিন সূচকে এগিয়ে আছে বাংলাদেশ। এ ক্ষেত্রে ওই তিন সূচকে যে মান অর্জন করতে হয়, তার সব কটিতে এগিয়ে রয়েছে বাংলাদেশ। আগামী মার্চেই এলডিসি তালিকা থেকে বেরিয়ে আসার জন্য প্রথম পর্যায়ের সুপারিশ করবে বাংলাদেশ। গতকাল (২২ জানুয়ারি সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদের বৈঠকে এ সম্পর্কে অবহিত করে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.৫)।

৪। **বেড়েছে মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার**

গত বছরের চতুর্থ ত্রৈমাসিকে (অক্টোবর-ডিসেম্বর) মন্ত্রিসভায় নেওয়া সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৭৭ দশমিক ৯৪ শতাংশ। এর আগের বছরে একই সময়ে ছিল ৬৮ দশমিক ৯৭ শতাংশ। সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৮ দশমিক ৯৭ শতাংশ বেড়েছে। গতকাল (২২ জানুয়ারি সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে ২০১৬ ও ২০১৭ সালের ত্রৈমাসিক মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের হারের তুলনামূলক প্রতিবেদন উপস্থাপন করা হয়। সূত্র : **প্রথম আলো** (পৃ.২,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

৫। **সংসদে বীজ বিল পাশ**

গতকাল (২২ জানুয়ারি সোমবার) জাতীয় সংসদে বীজ বিল পাশ হয়েছে। কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বিলটি পাশের জন্য তোলেন। বিলের ওপর আপত্তি, জনমত যাচাই ও বাছাই কমিটিতে পাঠানো প্রস্তাবগুলো নিষ্পত্তির পর কণ্ঠভোটে বিলটি পাশ হয়। বিলে বলা হয়েছে, এ আইনের অধীনে সংঘটিত অপরাধ ভ্রাম্যমাণ আদালতে বিচার হবে। সূত্র : **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.১)।

**৬।	রাজধানীতে মহিলা ও প্রতিবন্ধীবান্ধব দেড় শতাধিক নতুন পাবলিক টয়লেট নির্মাণ করা হবে সংসদে স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, রাজধানীতে জনসংখ্যার অনুপাতে পাবলিক টয়লেটের সংখ্যা অপ্রতুল। এ সংকট কাটাতে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের মাধ্যমে রাজধানীতে দেড় শতাধিক নতুন পাবলিক টয়লেট নির্মাণ করা হবে। এসব টয়লেট হবে মহিলা ও প্রতিবন্ধীবান্ধব। গতকাল (২২ জানুয়ারি সোমবার) সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪)।

**৭।	বিগত ৮ বছরে পৌনে ৬ লাখ লোকের আত্মকর্মসংস্থান হয়েছে : সংসদে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী**

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. বীরেন শিকদার বলেছেন, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর বিগত ৮ বছরে ২১ লাখ ৮ হাজার ৩৯৪ জনকে প্রশিক্ষণ প্রদান করে ৫ লাখ ৭৬ হাজার ৪৯৬ জনকে আত্মকর্মসংস্থানে নিয়োজিত করা হয়েছে। গতকাল (২২ জানুয়ারি সোমবার) সংসদে তারকা চিহ্নিত এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪)।

**৮।	খসড়া তালিকায় ভোটার সংখ্যা ১০ কোটি ৪০ লাখ : সংসদে আইনমন্ত্রী**

সংসদ কার্যে নির্বাচন কমিশনের দায়িত্বপ্রাপ্ত আইন, বিচার ও সংসদ বিষয়কমন্ত্রী আনিসুল হক বলেছেন, গত ২ জানুয়ারি প্রকাশিত খসড়া ভোটার তালিকা অনুযায়ী দেশে বর্তমানে ভোটার সংখ্যা ১০ কোটি ৪০ লাখ ৫১ হাজার ৮৮৩ জন। এর মধ্যে নতুন ভোটার ৩৩ লাখ ৩২ হাজার ৫৯৩ জন। গতকাল (২২ জানুয়ারি সোমবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮)।

**৯।	১৯ ফেব্রুয়ারি রাষ্ট্রপতি পদে নির্বাচন**

আগামী ১৯ ফেব্রুয়ারি রাষ্ট্রপতি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে। এটি হবে দেশের ২১তম রাষ্ট্রপতি নির্বাচন। এ লক্ষ্যে প্রস্তুতিমূলক কার্যক্রম শুরু করেছে নির্বাচন কমিশন (ইসি)। এরই অংশ হিসেবে গতকাল (২২ জানুয়ারি সোমবার) নির্বাচন কমিশনারদের এক বৈঠকে কমিশন সচিবালয়কে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা শীঘ্রই জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ করবেন। এরপরই এ নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.১)।

**১০।	খেলাপি ঋণই ব্যাংকিং খাতের বড় চ্যালেঞ্জ : অর্থমন্ত্রী**

খেলাপি ঋণই দেশের ব্যাংকিং খাতের জন্য বড় চ্যালেঞ্জ। এক সময় মোট ঋণের ৪০ শতাংশই ছিল খেলাপি। বর্তমানে তা ৯ থেকে ১১ শতাংশে নেমে এসেছে। আশা করছি, আগামীতে আরও কমবে। গতকাল (২২ জানুয়ারি সোমবার) নরওয়ের একটি প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এসব কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, দেশে ব্যাংকিং খাতের প্রবৃদ্ধি খুব দ্রুত হয়েছে। বর্তমানে ৫৮টি ব্যাংক আছে। তিনি বলেন, ১০ বছরে অর্থনীতি অনেক এগিয়েছে। প্রবৃদ্ধি বেড়ে ৭ শতাংশের ওপরে রয়েছে। কৃষি খাতে বেশ অগ্রগতি এসেছে। বিদ্যুৎ, অবকাঠামো খাত, শিক্ষা ও স্বাস্থ্য খাতে অগ্রাধিকার দেওয়া হচ্ছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

**১১।	বাংলাদেশ ও ইন্দোনেশিয়ার মধ্যে পিটিএ চুক্তি এ মাসেই : বাণিজ্যমন্ত্রী**

ইন্দোনেশিয়ার সঙ্গে বাংলাদেশের বাণিজ্য বৃদ্ধি এবং রপ্তানির ক্ষেত্রে প্রতিবন্ধকতা দূর করতে উভয় দেশের মধ্যে প্রিফারেনশিয়াল ট্রেড এগ্রিমেন্ট (পিটিএ) স্বাক্ষরের বিষয়ে জয়েন্ট মিনিস্ট্রিয়াল স্টেটমেন্ট এ মাসেই স্বাক্ষর করা হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গতকাল (২২ জানুয়ারি সোমবার) সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ে ঢাকায় নিযুক্ত ইন্দোনেশিয়ার রাষ্ট্রদূত মিসেস রিনা সোয়েমারনো এর সঙ্গে মতবিনিময়ের পর

তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। বাণিজ্যমন্ত্রী বলেন, উভয় দেশের বাণিজ্য বৃদ্ধির নতুন সম্ভাবনা দেখা দিয়েছে। এ সুযোগকে কাজে লাগাতে হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.১২,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

১২। শিল্পখাতে করহার কমানোর চিন্তা করছে সরকার : পরিকল্পনামন্ত্রী

রাজস্ব আয় বাড়ানোর জন্য শিল্পখাতে বিদ্যমান করের হার কমানোর বিষয়টি সরকারের বিবেচনাধীন রয়েছে বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল (২২ জানুয়ারি সোমবার) ডিসিসিআই'র একটি প্রতিনিধিদল মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ তথ্য জানান। এছাড়া আগামী অক্টোবর-নভেম্বরের মধ্যে কস্ট অফ ডুইয়িং বিজনেস (ব্যবসা শুরুর খরচ) কমে আসবে বলেও জানান তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

১৩। জারের পানিতে মারাত্মক ক্ষতিকর জীবাণু : বিএসটিআই'র অভিযানে সহস্রাধিক জার ধ্বংস

জীবাণুযুক্ত ও মানহীন জারের পানিতে সয়লাব হয়ে গেছে রাজধানী ঢাকা ও আশপাশের এলাকা। ৪০ থেকে ৫০ টাকায় বিক্রি হচ্ছে এসব দূষিত পানির জার। আর এ পানি পান করে প্রতিদিন নানা পানিবাহিত রোগে আক্রান্ত হচ্ছেন অসংখ্য মানুষ। তাই মানহীন জারের পানি বিক্রি বন্ধে গতকাল (২২ জানুয়ারি সোমবার) রাজধানীর পল্টন ও মতিঝিল এলাকায় অভিযান চালিয়েছে বিএসটিআই। বিকেল ৫টা পর্যন্ত ৫৫টি প্রতিষ্ঠানের সহস্রাধিক পানির জার জব্দ করার পর তা ধ্বংস করা হয়। বিভিন্ন অফিসে পানির জার সরবরাহে নিয়োজিত ২৫টি ভ্যানও জব্দ করে ভ্রাম্যমাণ আদালত। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **যায়যায়দিন** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দীর্ঘদিনের পুরোনো লাইনসহ বিভিন্ন কারণে ট্রেন দুর্ঘটনার শিকার হচ্ছে উল্লেখ করে দুর্ঘটনা রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ** : শীতে গ্যাস সংকট প্রকট আকার ধারণ করায় উদ্বেগ প্রকাশ করে অবৈধ গ্যাস সংযোগ বন্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার পাশাপাশি গ্যাস উৎপাদন ও বৈধ প্রক্রিয়ায় সংযোগ বাড়ানোর পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **প্রথম আলো :** উপাচার্য না থাকায় কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম স্থবির হয়ে পড়েছে উল্লেখ করে অবিলম্বে মেধা ও যোগ্যতার ভিত্তিতে এবং প্রশাসনিক অভিজ্ঞতার আলোকে উপাচার্য নিয়োগের সুপারিশ।

ঘ. **সমকাল** : সুষ্ঠু যাচাই-বাছাই এবং উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে জনশক্তি রপ্তানির ওপর গুরুত্বারোপ।

ঙ. **নিউ এজ** : রাজধানীর শব্দ দূষণ বন্ধে সরকারি ও বেসরকারি নানা উদ্যোগ নেওয়ার আহ্বান।

চ. **ডেইলি সান :** পার্বত্য চট্টগ্রামে শান্তি প্রতিষ্ঠায় গুরুত্ব দেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে সমাজকে মাদকমুক্ত করা না গেলে কোনো উন্নয়ন পরিকল্পনা দীর্ঘমেয়াদি সুফল বয়ে আনবে না বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'ফুটপাত : নাগরিক অধিকার বনাম হকার'** শিরোনামের নিবন্ধে হকারমুক্ত ফুটপাত আন্দোলনের আগে এ ধরনের ভাসমান ব্যবসায়ীদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে বলে অভিমত প্রকাশ।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৮/৯.০০